

India-Thailand Foreign Office Consultations

April 21, 2022

ভারত-থাইল্যান্ড বিদেশ দপ্তর সলা পরামর্শ

এপ্রিল 21, 2022

ভারত এবং থাইল্যান্ডের মধ্যে ষষ্ঠ দফার বিদেশ দপ্তর সলা পরামর্শ 21 শে এপ্রিল 2022 তারিখে নিউ দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। আলোচনায় যুগ্মভাবে পৌরোহিত্য করেছেন ভারত সরকারের বিদেশ মন্ত্রকের সচিব (পূর্ব) শ্রী সৌরভ কুমার এবং থাইল্যান্ডের বিদেশ মন্ত্রকের স্থায়ী সচিব হিজ এক্সেলেন্সি মিস্টার থানি থঙ্গফাকড়ি। কোভিড-19 অতিমারির কারণে এই আলোচনাটি 3 বছর বাদে অনুষ্ঠিত হল।

বৈঠক চলাকালীন, দুই প্রতিনিধি দল রাজনৈতিক, প্রতিরক্ষা ও সুরক্ষা, অর্থনৈতিক এবং ব্যবসায়িক, সাংস্কৃতিক, বিজ্ঞান ও প্রযুক্তি, পর্যটন, জনগণের সাথে জনগণের বন্ধন, কোভিড-19 পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধার, ভ্যাকসিন সহযোগিতা এবং পারস্পরিক স্বার্থের অন্যান্য বিষয় সহ দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করেছেন। এই সকল ক্ষেত্রে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য উভয় পক্ষ তাদের প্রতিশ্রুতির কথা পুনরায় ব্যক্ত করেছেন। উভয় পক্ষ ভারত-মায়ানমার-থাইল্যান্ড ত্রিপাক্ষিক রাজপথ এবং উন্নত বন্দর সংযোগকে দ্রুত কার্যকর করা সহ যোগাযোগ ব্যবস্থাকে উন্নত করার জন্যও সম্মত হয়েছেন। রাষ্ট্রসঙ্ঘ এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় সহযোগিতা সহ আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে প্রতিনিধিরা তাদের মত বিনিময় করেছেন। 2022-23 মেয়াদকালে বিমস্টেকে থাইল্যান্ডের সভাপতিত্ব পদ গ্রহণের জন্য সচিব(পূর্ব) ধন্যবাদ জানিয়েছেন এবং ভারতের পূর্ণ সমর্থন ও সহযোগিতার আশ্বাস দিয়েছেন। উভয়পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও গভীর এবং শক্তিশালী করার জন্য একযোগে কাজ করার জন্য তাদের অঙ্গীকারকে পুনর্ব্যক্ত করেছেন।

যেহেতু এই বছরটি ভারত এবং থাইল্যান্ডের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 75 তম বর্ষ তাই এই যুগান্তকারী ঘটনাকে যথাযথভাবে উদযাপন করার জন্য উভয়পক্ষ সম্মত হয়েছে। 21 শে এপ্রিল 2022-এ, থাই প্রতিনিধিদলটি মাননীয় বিদেশ প্রতিমন্ত্রী ডঃ রাজকুমার রঞ্জন সিং-এর সাথেও সাক্ষাৎ করেছে।

নিউ দিল্লি

এপ্রিল 21, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.